BREAKING NEWS LIVE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 05:22 PM

ক্যাম্পাস

জবি সাংবাদিক সমিতির নতুন সভাপতি শাহাদাত ও সম্পাদক রাকিব

প্রতিবেদক: জবি প্রতিনিধি
প্রকাশের তারিখ: শুক্রবার, ৩০ অক্টোবর ২০২৬, ১১:৪৩ AM



জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (জবিসাস) ২০২৬-২৭ বর্ষের নতুন কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে। এতে সভাপতি নির্বাচিত হয়েছেন প্রথম আলোর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি এস এম শাহাদাত হোসেন এবং সাধারণ সম্পাদক হয়েছেন দ্য ডেইলি স্টারের রাকিব মাদবর।

বৃহস্পতিবার (২৯ অক্টোবর) সাংবাদিক সমিতির গঠিত নির্বাচন কমিশনের সুপারিশের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রইছ উদদীন নতুন এই কমিটির অনুমোদন দেন।

নবগঠিত কমিটিতে সহসভাপতি হয়েছেন বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) মাহামুদুর রহমান নাজিদ। এছাড়া দ্য নিউ নেশনের মো. আব্দুর রাকিব যুগ্ম সাধারণ সম্পাদক এবং বাংলাদেশ প্রতিদিনের মো. মিলন হোসেন সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হয়েছেন।

কমিটির অন্যান্য পদের মধ্যে দপ্তর, প্রচার ও প্রকাশনা সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন বাংলাদেশ পোস্টের ইয়াছির মো. ফাহাদ এবং অর্থ সম্পাদক হয়েছেন জাগো নিউজের তৌফিক হোসেন। কার্যনির্বাহী সদস্য হিসেবে রয়েছেন যায়যায়দিনের মিজান উদ্দীন মাসুদ ও বাংলা

ট্রিবিউনের সুহাইল আহমদ।

কমিটি ঘোষণা শেষে নবগঠিত কমিটির সদস্যরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার ও প্রক্টরসহ বিভিন্ন দপ্তরের প্রধানদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

এ সময় উপাচার্য অধ্যাপক রইছ উদদীন বলেন, "এই বিশ্ববিদ্যালয়ে সাংবাদিক সমিতির অনেক অর্জন রয়েছে। সমিতির সদস্যরা এই সংগঠনের প্রাণ। সব সদস্যের সত্য অনুসন্ধানে কাজ চালিয়ে যেতে হবে।"

এ বিভাগের আরও খবর



সাত মাসে তিন দফা রদবদল, জবির নতুন প্রক্টর অধ্যাপক নাছির আহমাদ
এ বছরের গত ৩০ মার্চ থেকে ২৮ অক্টোবর পর্যন্ত সাত মাসের ব্যবধানে তিন দফা রদবদল হয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) প্রক্টর পদে। যার মধ্যে একজন...



জবির সমাজবিজ্ঞান বিভাগের ১৭তম ব্যাচের স্নাতক সমাপনী অনুষ্ঠিত
জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) সমাজবিজ্ঞান বিভাগের ১৭তম ব্যাচের স্নাতক সমাপনী উপলক্ষে আলোচনা ও ফ্রেস্ট প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলব...



বেগম খালেদা জিয়া হল, এক দশকেও অসমাপ্ত নির্মাণকাজ

নাম বদলে □শেখ হাসিনা হল□ থেকে □বেগম খালেদা জিয়া হল□ করা হয়েছে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) নির্মাণাধীন ১০ তলাবিশিষ্ট ছাত্রী...



বেরোবির কেন্দ্রীয় লাইব্রেরিতে নেই রিডিং রুম, বারান্দায় পড়েন শিক্ষার্থীরা

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) কেন্দ্রীয় লাইব্রেরিতে নেই আলাদা রিডিং রুম। ফলে চাকরির প্রস্তুতির বই কিংবা নিজস্ব সংগ্রহের বই নি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://seradealbd.com/campus/jbi-sangbadik-smitir-ntun-sbhapti-shahadat-o-smpadk-rakib